

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 19-12-2025

**Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু রাজ্যের সীমান্ত গ্রামগুলির জনগনের কাছে সব ধরনের সুযোগ সুবিধা পৌঁছে দেবার উপর গুরুত্ব আরোপ করেছেন।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাজ্যে পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সর্বাঙ্গিক সহায়তার আশ্বাস দেন।
- (৩) সংসদের শীতকালীন অধিবেশন আজ শেষ হয়েছে।
- (৪) ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদের একদিনের শীতকালীন অধিবেশন আগামী ১ই জানুয়ারী অনুষ্ঠিত হবে।
- (৫) অনূর্ধ্ব ১৯ বছরের মেয়েদের সীমিত ওভারের জাতীয় ক্রিকেটের চতুর্থ ম্যাচে জয় পেলো ত্রিপুরা।

Governor-Boxanagar :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু রাজ্যের সীমান্ত গ্রামগুলির জনগনের কাছে সব ধরনের সুযোগ সুবিধা পৌঁছে দেবার উপর গুরুত্ব আরোপ করেছেন। তিনি আজ সিপাহীজলা জেলার বক্রনগর লকের অধীন বিভিন্ন সীমান্ত গ্রাম ও সীমান্ত এলাকা পরিদর্শন করেন। শিশুদের আধার কার্ড, সরকারি আবাসন, বিদ্যুৎ, পানীয়জল, স্বাস্থ্য বীমা, আভা কার্ড, শিক্ষা, অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলির পরিষেবা সীমান্ত গ্রামগুলিতে সঠিকভাবে পৌঁছুচ্ছে কিনা এবিষয়ে তিনি বিস্তারিত খোঁজখবর নেন। রাজ্যপাল বক্রনগর লকের অধীন দয়ালপাড়া এডিসি ভিলেজের বাসিন্দাদের সঙ্গে মত বিনিময় সভায় মিলিত হন। বক্রনগর বি.এস.এফ বি.ও.পি-তে কিছুটা সময় কাটানোর পর তিনি

কলমিমুড়ায় আন্তর্জাতিক সীমান্ত বেড়া সংলগ্ন স্থানে জনগনের সঙ্গে মত বিনিময় করেন। কম্বলনগর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র পরিদর্শন শেষে তিনি এন.সি নগর আন্তর্জাতিক সীমান্ত এলাকা পরিদর্শন করেন। কুলুবাড়ির বসুন্ধরা স্ব-সহায়ক দলের মহিলাদের সঙ্গেও রাজ্যপাল মত বিনিময় করেন। সঙ্গে ছিলেন বিধায়ক তফাজ্জল হোসেন, জেলাশাসক সিন্ধার্থ শিব জয়সওয়াল, পুলিশ সুপার বিজয় দেববর্মা।

CM-TFTI :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাজ্যে পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সর্বাঙ্গিক সহায়তার আশ্বাস দেন। তিনি বলেন, এই লক্ষ্যে আগামীদিনে ত্রিপুরা ফিল্ম এন্ড টেলিভিশন ইনসিটিউটটিকে আরও বৃহত্তর পরিসরে উন্নীত করার পরিকল্পনা রয়েছে। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে ত্রিপুরা ফিল্ম এন্ড টেলিভিশন ইনসিটিউট থেকে উত্তীর্ণ ছাত্রছাত্রীদের এবং গ্রেডেড শিল্পীদের শংসাপত্র প্রদান অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, ত্রিপুরা ফিল্ম এন্ড টেলিভিশন ইনসিটিউট রাজ্যের শিল্পীদের প্রতিভা বিকাশের পাশাপশি যুবসমাজের জন্যও নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরি করবে। বক্তব্য রাখেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, সত্যজিত রায় ফিল্ম এন্ড টেলিভিশন ইনসিটিউটের উপাচার্য সমীরণ দত্ত, ত্রিপুরা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী, প্রথ্যাত চলচ্চিত্র নির্দেশক বিপ্লব গোস্বামী, তথ্য সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিষ্ণুসার ভট্টাচার্য প্রমুখ।

Minister Tinku Roy :

সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিঙ্কু রায় আজ সকালে কৈলাশহরের উত্তর বিদ্যানগর এলাকায় বৈদ্যুতিক চুল্লী সহ নবনির্মিত শুশানঘাট এর উদ্বোধন করেন। কৈলাশহর পুর পরিষদের অর্থানুকূল্যে এটি নির্মাণে ব্যয় হয়েছে মোট ১ কোটি ১১ লক্ষ ২৪ হাজার টাকা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন

উন্কোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়।

Minister Bikash Debbarma :

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, জনজাতিদের আর্থ-সামাজিক মান উন্নয়নে কেন্দ্র ও রাজ্য সরকার আন্তরিকভাবে কাজ করছে। আজ কৈলাশহরের চন্দীপুর বিধানসভা কেন্দ্রের অধীন মাইলুং ADC ভিলেজে BJP'র চন্দীপুর মন্ডল কমিটি আয়োজিত জনজাতি সমাবেশে তিনি একথা বলেন। সমাবেশে বক্তব্য রাখেন যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায়, BJP'র প্রদেশ সাধারণ সম্পাদক বিপিন দেববর্মা প্রমুখ।

Agriculture Minister :

কৃষিমন্ত্রী রত্নলাল নাথ আজ পোয়াংবাড়ি আর.ডি স্লকের প্রাঙ্গণে পোয়াংবাড়ি কৃষি উপ-শাখা, ভিলেজ লেভেল ফার্মার্স অ্যাডভাইজরি সেন্টার এবং এগি ডেভেলপমেন্ট রিসার্চ-কম-ট্রেনিং সেন্টার উন্মোধন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, রাজ্যের সবকটি স্লকেই কৃষি উপ শাখা স্থাপন করা হবে।

Deputation to labour commissioner :

ত্রিপুরা ইট ভাটা শ্রমিক ইউনিয়নের রাজ্য কমিটির পক্ষ থেকে ৫ দফা দাবির ভিত্তিতে আজ আগরতলার শ্রম কমিশনার বিশ্বজিৎ পালের কাছে ডেপুটেশন প্রদান করা হয়। উল্লেখযোগ্য দাবিগুলির মধ্যে ছিল রাজ্যের সমস্ত ইটভাটায় কাজের ক্ষেত্রে শ্রমিকদের সুরক্ষা নিশ্চিত করা ও কমলপুরে এ.বি.সি ইটভাটায় চিমনি ভেঙ্গে আহতদের চিকিৎসার সম্পূর্ণ ব্যয় ভার রাজ্য সরকারকে বহন করা।

Cluster Based Piggery Project-Killa :

গোমতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায় গোমতী জেলার কিল্লা ন্লকের আঠারোভোলায় এডিসি ভিলেজের বড়বাড়ি বিশ্ব চন্দ্র পাড়া জেবি স্কুলে শূকর পালন ক্লাস্টার ভিত্তিক প্রকল্পের উদ্বোধন করেন। এই প্রকল্পটির লক্ষ্য এক গ্রাম এক ক্লাস্টার পদ্ধতির অধীনে শূকর পালনকে উৎসাহিত করা। উপস্থিতি ছিলেন কিল্লা বি এ সি চেয়ারম্যান বাগান হরি মলসম, নাবার্ড ও প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের পদস্থ আধিকারিকগণ।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

Sound Byte

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ড্রিউ. ড্রিউ. ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যাইটার ও ফেসবুক প্লাটফর্ম-এ এ-আই-আর-নিউজ-এলাটস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যাইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Parliament Adjourned :

সংসদের উভয় কক্ষই অনিদিষ্টকালের জন্য মূলতবি ঘোষণা করা হয়েছে। ১৯ দিনের এই শীতকালীন অধিবেশন আজ শেষ হয়েছে। বিদায়ী ভাষণে, লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা বলেন যে সভায় মোট ১৫টি অধিবেশন অনুষ্ঠিত হয়েছে। সভার সুর্তু পরিচালনায় সহযোগিতার জন্য তিনি সকল সদস্যকে ধন্যবাদ জানান।

রাজ্যসভার চেয়ারম্যান সিপি রাধাকৃষ্ণন বলেন অধিবেশনে প্রতিহাসিক ও গণতান্ত্রিক তাৎপর্যপূর্ণ বিষয়গুলির উপর উচ্চমানের বিতর্ক এবং আলোচনা হয়েছে। তিনি বলেন, জাতীয় সঙ্গীত বল্দে মাত্রমের ১৫০ তম বার্ষিকীতে সংসদে বিশেষ আলোচনায়, ৮২ জন সদস্য অংশগ্রহণ করেছে এবং নির্বাচনী সংস্কারের উপরেও আলোচনায় ৫৭ জন সদস্য দেশের গণতান্ত্রিক প্রক্রিয়াকে শক্তিশালী করার জন্য তাদের মূল্যবান মতামত উপস্থাপন করেছেন।

TTADC :

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ অর্থাৎ এডিসি একদিনের শীতকালীন অধিবেশন আগামী ৯ই জানুয়ারী খুমুলুং-এ এডিসি-র কাউন্সিল ভবনে অনুষ্ঠিত হবে। এডিসির চেয়ারম্যান জগদীশ দেববর্মা এই অধিবেশন আহ্বান করেন।

President :

রাষ্ট্রপতি দ্রৌপদী মুরু আজ দেশের পাবলিক সার্ভিস কমিশনগুলিকে সুযোগের সমতার জন্য কাজ করার পাশাপাশি ফ্লাফলের সমতার লক্ষ্য অর্জনের জন্য প্রচেষ্টা চালানোর আহ্বান জানিয়েছেন। হায়দ্রাবাদে রাজ্য পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারপারসনদের জাতীয় সম্মেলনে ভাষণ দিতে গিয়ে রাষ্ট্রপতি বলেন, ইউপিএসসি এবং পিএসসি-র উচিত নিয়োগের ক্ষেত্রে সততার দিকটিকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া।

Byte-President # # # #

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৪শে ডিসেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৯তম পর্ব।

প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিত্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

Bangladesh :

ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শরীফ ওসমান হাদীর মৃত্যুর খবর ছড়িয়ে পড়ার কয়েক ঘন্টা পরেই ঢাকায় নতুন করে অস্থিরতা দেখা দিয়েছে। রাজধানীর ধানমন্ডি এলাকার ছায়ানট সংস্কৃতি ভবনে গতকাল রাতে অজ্ঞাতপরিচয় একদল ব্যক্তি জোর করে প্রবেশ করে, আসবাবপত্র ও সঙ্গীতের সরঞ্জাম ভাঙ্গুর করে এবং ভবনের ভেতরে এবং বাইরের রাস্তায় থাকা জিনিসপত্রে আগুন ধরিয়ে দেয়। পরে অগ্নি নির্বাপক দপ্তরের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে। প্রত্যক্ষদর্শীদের মতে, বেশ কয়েকজন হামলাকারী তাদের পরিচয় গোপন করার জন্য হেলমেট এবং মুখ ঢাকা অবস্থায় ছিল এবং হামলার সময় তাদের ধর্মীয় স্লোগান, নারায়ে তাকবীরও ছিল। ১৯৬১ সালে প্রতিষ্ঠিত, ছায়ানট বাংলাদেশের অন্যতম বিশিষ্ট সাংস্কৃতিক প্রতিষ্ঠান, যা বাংলা সঙ্গীত এবং প্রতিহ্য প্রচারের জন্য ব্যাপকভাবে পরিচিত। চলমান অস্থিরতার মধ্যে এই ঘটনা সাংস্কৃতিক এবং সরকারি প্রতিষ্ঠানের নিরাপত্তা নিয়ে গুরুতর উদ্বেগের সৃষ্টি করেছে।

YTF :

বাংলাদেশের রাজধানী ঢাকায় ভারতীয় হাই কমিশন অফিসের সামনে সাম্প্রতিক বিক্ষেপের প্রতিবাদে আজ আগরতলায় বাংলাদেশ সহকারী হাইকমিশন অফিসের সামনে বিক্ষেপ প্রদর্শন করে ওয়াই.টি.এফ। সংগঠনের

সভাপতি সুরজ দেববর্মা ভারত ও বাংলাদেশের মধ্যে সুসম্পর্ক বজায় রাখার উপর গুরুত্ব আরোপ করেন।

J. Scindhia :

উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া আজ উত্তর-পূর্বাঞ্চলে তাঁত ও হস্তশিল্পকে শক্তিশালী করার জন্য একটি উচ্চ-স্তরের টাস্কফোর্স সভায় ভাঁচুয়াল ভাবে অংশগ্রহণ করেন। সামাজিক মাধ্যমে শ্রী সিন্ধিয়া বলেছেন যে বৈঠকে দক্ষতা উন্নয়ন, মানসম্পন্ন সার্টিফিকেশন এবং এই অঞ্চলে সুস্থায়ী তক্ত এবং রঞ্জক পদার্থের মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলির উপর আলোকপাত করা হয়েছে। এটি সামগ্রিক এবং সুস্থায়ী প্রবৃক্ষির জন্য ক্লাস্টার-ভিত্তিক উন্নয়নের পাশাপাশি ই-কমার্স-নেতৃত্বাধীন বাজারের উপরও আলোকপাত করা হয়েছে।

Apnar Puji Apnar Adhikar :

সাধারণ মানুষের আর্থিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আজ খোয়াই শহরে পাঞ্জাব ন্যাশনাল ব্যাংকের উদ্যোগে “আপনার পুঁজি, আপনার অধিকার” শীর্ষক সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করা হয়। অনুষ্ঠানে খোয়াই জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা সিংহ রায়, রিজার্ভ ব্যাংকের জেনারেল ম্যানেজার সুরেন্দ্র নিধির, এস-এল-বি-সি কনভেনার ঝুতুরাজ কৃষ্ণ সাধারণ মানুষ যাতে তাঁদের গচ্ছিত অর্থ, অব্যবহৃত অ্যাকাউন্টের অর্থ সহজে ফেরত পেতে পারেন, সে বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। অনুষ্ঠানে পাঞ্জাব ন্যাশনাল ব্যাংকের পক্ষ থেকে পাঁচজন গ্রাহককে তাঁদের পুরাণো একাউন্টের অর্থ ফেরত দেয়। তাছাড়া স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া, খোয়াই শাখার পক্ষ থেকেও আট জন ভোক্তাকে তাঁদের পুরাণো একাউন্টের অর্থ ফেরত দেয়।

GOC-in-C Visit :

ভারতীয় সেনাবাহিনীর পূর্বাঞ্চলের জেনারেল অফিসার কমান্ডিং ইন চিফ লেফটেন্যান্ট জেনারেল আর সি তিওয়ারি আজ বিলোনিয়া সফরে যান। তিনি বি.এস.এফের গুরুলংগন সেক্টরের ডি.আই.জি বি. কে কাসানা ৩ ও ৪৩ নম্বর বাহিনীর কমান্ডান্ট এম রবিন্দারকে সঙ্গে নিয়ে মুহূরীচর সীমান্ত পরিদর্শন করেন। তিনি সেখানে বি.এস.এফ জওয়ানদের সঙ্গেও কথা বলেন।

Under-19 Cricket :

অনূর্ধ্ব ১৯ বছরের মেয়েদের সীমিত ওভারের জাতীয় ক্রিকেটের চতুর্থ ম্যাচে জয় পেলো ত্রিপুরা। নাগপুরের বিদর্ভ ক্রিকেট এসোসিয়েশনের মাঠে অনুষ্ঠিত খেলায় আজ রাজ্যদল ৭৮ রানে মণিপুরকে হারিয়ে দেয়।

Santosh Trophy :

সন্তোষ ট্রফি জাতীয় সিনিয়র ফুটবল প্রতিযোগিতায় গ্রুপে নিজেদের শেষ খেলায় মণিপুর জয়লাভ করেছে। ডি-গ্রুপে নিজেদের তৃতীয় খেলায় আজ উমাকান্ত মিনি স্টেডিয়ামে মণিপুর ৩-১ গোলে মিজোরামকে হারিয়ে দেয়। ফলে তিনি খেলায় ৬ পয়েন্ট সংগ্রহ করে। মিজোরাম তিনি খেলায় তিনি পয়েন্ট পেয়ে আসর থেকে বিদায় নেয়।

Vijay Merchant :

বিজয় মার্চেন্ট ট্রফি অনূর্ধ্ব ১৬ বছরের ক্রিকেটের তিনদিনের খেলায় ত্রিপুরার বিরুদ্ধে প্রথম ইনিংসে লিড নেয়ার জন্য লড়াই করছে ওজরাট। শিমোগার কে এস সি এ নাভুলা মাঠে ৪ উইকেটে ১৭৫ রান থেকে খেলতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ২৪১ রান করে। জবাবে খেলতে নেমে ওজরাট দ্বিতীয় দিনের শেষে প্রথম ইনিংসে ২ উইকেট হারিয়ে ১৪১ রান করে।

Weather :

আগামীকাল আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে পশ্চিম জেলা, ধলাই, খোয়াই ও উত্তর ত্রিপুরা জেলার কিছু স্থানে ঘন কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪.২ ডিগ্রি সেলসিয়াস।
